দৈনিক সংবাদ

140

তারিখ ... 22 JUL 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪

প্রক্টর ও প্রাধ্যক্ষদের সভা

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইনশৃংখলা পরিস্থিতি পর্যালোচনা

গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও আবাসিক হলসমূহের প্রাধ্যক্ষদের এক সভায় যে কোন সময় কোন অস্ত্রধারীকে ক্যাম্পাসে দেখা গেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আইন-শৃংখলা কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করার জন্য উপাচার্যের প্রতি অনুরোধ করা হয়। এই সভায়

( শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের

(১ম পাতার পর)

বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক আইন-শৃংখলা পরিস্থিতি এবং পরিবেশ পর্যালোচনা করা হয়।

সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, হল প্রশাসন সজাগ দৃষ্টি রাখবেন, যাতে কোনক্রমেই কোন বহিরাগত বা অস্ত্রধারী ব্যক্তি হলে অবস্থান করতে না পারে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।